**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব এ, এইচ, এম কামরুজ্জামান
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ২০/০৩/২০২৫ খ্রিঃ

সময় : সকাল ১১.০০ টা

সভার স্থান : সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকলসদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

### আলোচ্যসূচি ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ১৭/০২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ৫ম সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

### আলোচ্যসূচি ২: রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ : (জুলাই ২০২৪ হতে ফেব্রুয়ারি ২০২৫) (লক্ষ টাকায়)**

| অঞ্চল | আদায়ের খাত | বকেয়াসহ ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি | ফেব্রুয়ারি ২০২৫ মাসে আদায় | জুলাই ২০২৪-ফেব্রুয়ারি ২০২৫ মোট আদায় | দাবির প্রেক্ষিতে আদায়ের হার | অবশিষ্ট আদায়যোগ্য (বকেয়াসহ) |
|---|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০০১.১৫ | ৩৪.৬৬ | ৮০৯.১৬০ | ২৬.৯৭% | ২১৯১.৯৯ |
| | ট্রেড লাইসেন্স | ৪২০.০০ | ৬.৮৭ | ৩৯০.৪৯ | ৯২.৯৭% | ২৯.৫১ |
| | দোকান ভাড়া | ২৮৪.১৩ | ৩০.০৬ | ২০৩.১৪ | ৭১.৪৯% | ৮০.৯৯ |
| **উপমোট** | | **৩৭০৫.২৮** | **৭১.৫৯** | **১১৯৯.৬৫** | **৩২.২৮%** | **২৩০২.৪৯** |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯৫৭.৩৩ | ১০৫.৯৭ | ১৮৩৪.৫৮০ | ৩৭.০০% | ৩১২২.৭৫ |
| | ট্রেড লাইসেন্স | ৩২০.০০ | ৭.৭৯ | ২০৫.৮৯ | ৬৪.৩৪% | ১১৪.১১ |
| | দোকান ভাড়া | ০.৭৫ | ০.০৮ | ০.৭৫ | ১০০% | ০.০০ |
| **উপমোট** | | **৫২৭৮.০৮** | **১১৩.৮৪** | **২০৪১.২২** | **৩৮.৬৭%** | **৩২৩৬.৮৬** |
| কদমরসুল | পৌরকর | ২০২৩.৮৩ | ২৪.১৮ | ৭৮৩.৫৩০ | ৩৮.৭১% | ১২৪০.৩ |
| | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ১.৬৮ | ৪৭.৭২ | ৭৯.৫৩% | ১২.২৮ |
| | দোকান ভাড়া | ১৪.৯৯ | ১.০২ | ৮.৮১ | ৫৮.৭৪% | ৬.১৮ |
| **উপমোট** | | **২০৯৮.৮২** | **২৬.৮৭৬** | **৮৪০.০৫৬** | **৪০.০২%** | **১২৫৮.৭৬** |
| মোট | পৌরকর | **৯৯৮২.৩১** | ১৬৪.৮১ | ৩৪২৭.২৭ | ৩৪.৩৩% | ৬৫৫৫.০৪ |
| | ট্রেড লাইসেন্স | **৮০০.**০০ | ১৬.৩৪ | ৬৪৪.১০ | ৮০.৫১% | ১৫৫.৯ |
| | দোকান ভাড়া | **২৯৯.**৮৭ | ৩১.১৫৬ | ২১২.৬৯৬ | ৭০. ৯২% | ৮৭.১৭ |
| **সর্বমোট** | | **১১০৮২.১৮** | **২১২.৩০৬** | **৪২৮৪.০৬৬** | **৩৮.৬৫%** | **৬৭৯৮.১১** |

**(খ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়)

| | | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে জানুয়ারি ২০২৫) | ফেব্রুয়ারি মাস (হাল) | মোট (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| **ফেব্রুয়ারি ২০২৫** | দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮২৪.৯৫ | ৮৮২.৭৭ | ১৩৭.৯৪ | ৩৮৪৫.৬৬ |
| | আদায় (ভ্যাট ব্যতীত) | ৪.৪০ | ১৯.৫০<br>সারচার্জ: ২.১০ | ৮৭.৭৪ | ১১৩.৭৪ |
| | নতুন সংযোগ ফি | - | - | ১৬.৪৯ | ১৬.৪৯ |

**(গ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের অন্যান্য আদায় বিবরণী**

| ক্রমিক | আদায়ের খাত | আদায়ের পরিমাণ |
|---|---|---|
| ১. | নবায়ন ফি (গভীর নলকূপ) বাবদ | ৫,০০০/- |
| ২. | ডিমান্ড নোট বাবদ (ব্যাংকে মাধ্যমে ১,২১,০৩০/- টাকা এবং অফিস রশিদের মাধ্যমে ৭,৬৯,৬১৫/- টাকা, জরিপের মাধ্যমে ৭,৫৮,৮৮৫/- টাকা ) | ১৬,৪৯,৫৩০/- |
| ৩. | নতুন সংযোগের ফরম বাবদ | ২৪,৬০০/- |
| ৪. | মিটার বিক্রয় বাবদ | ১৫,৪০০/- |
| ৫. | গাড়ি দ্বারা পানি বিক্রয় বাবদ | ১৩,৮০০/- |
| | সর্বমোট= | ১৭,০৮,৩৩০/- |

সভাপতি মহোদয় রাজস্ব আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো সক্রিয় হতে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্ক্ষিতমাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৩: ফেব্রুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত ফেব্রুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| খাত | ডিসেম্বর ২০২৪ | জানুয়ারি ২০২৫ | ফেব্রুয়ারি ২০২৫ | মোট (বিগত ৩ মাস) |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| **রাজস্ব আয়** | ৭৫৯.৩৮ | ৬৪৫.৭৯ | ৫৪৭.৫৮ | ১৯৫২.৭৫ |
| রাজস্ব আয় (পানি) | ১১৯.১৫ | ১২৪.৯৭ | ১৩০.৮২ | ৩৭৪.৯৪ |
| সরকারী **উন্নয়ন** বরাদ্দ (থোক বরাদ্দ থেকে) | -- | -- | -- | -- |
| **মোট আয়** | ৮৭৮.৫৩ | ৭৭০.৭৬ | ৬৭৮.৪ | ২৩২৭.৬৯ |
| **ব্যয়** | | | | |
| **রাজস্ব ব্যয়** (রাজস্ব আয় থেকে) | ৪২০.৫২ | ৫৪০.৭৮ | ২৯৪.৫৩ | ১২৫৫.৮৩ |
| **উন্নয়ন ব্যয়** (রাজস্ব আয় থেকে) | ৪১৭.৩৭ | ২১৭.৮৫ | ৭১.২৩ | ৭০৬.৪৫ |
| **উন্নয়ন ব্যয়** (থোক বরাদ্দ থেকে) | ৪৬.৭৭ | - | - | ৪৬.৭৭ |
| **মোট ব্যয়** | ৮৮৪.৬৬ | ৭৫৮.৬৩ | ৩৬৫.৭৬ | ২০০৯.০৫ |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ফেব্রুয়ারি ২০২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
বাস্তবায়নে: হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪: স্বাস্থ্যসেবা প্রদান পরিচালনা ব্যবস্থা ও ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।**

**(ক) স্বাস্থ্যসেবা প্রদান পরিচালনা ব্যবস্থা সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সবাইকে জানান, বাংলাদেশে ভিটামিন 'এ' এর অভাবজনিত সমস্যা প্রতিরোধে প্রতি বছরের ন্যায় এই বছরেও গত ১৫ মার্চ ২০২৫ ইপিআই রুটিন টিকাদান কেন্দ্রে দেশব্যাপী ৬-১১ মাস বয়সী শিশুদের একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের একটি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। এরই ধারাবাহিকতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৪৪ টি ইপিআই টিকাদান কেন্দ্রে ৩৪০টি সেশনের মাধ্যমে ৬-১১ মাস বয়সী ২৪,২৮২ জন শিশু এবং ১২-৫৯ মাস বয়সী ১,০৮,৬৮৯ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। এছাড়া উল্লিখিত ক্যাম্পেইন চলাকালীন সময়ে জনসাধারণের মাঝে বিভিন্ন স্বাস্থ্য ও পুষ্টি বার্তা প্রচার করা হয়েছে এবং ২৭ টি ওয়ার্ডে মাইকিং করে জনসাধারণকে ক্যাম্পেইন সম্পর্কে অবহিত করা হয়েছে।

**(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ডেঙ্গু প্রতিরোধে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

<u>ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো</u>

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।

২। নগরীর তিন অঞ্চলের জন্য ২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।

৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।

৪। ২০ সদস্যবিশিষ্ট একটি Special টিম রয়েছে যারা জরুরি ডেঙ্গু প্রতিরোধ সেবায় নিয়োজিত।

<u>খ. মশক নিধন কার্যক্রম</u>

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

২। সপ্তাহে ৩ দিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।

৩। বিশেষ প্রয়োজনে নগরীর গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়।

৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।

৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

<u>গ. সচেতনতা কার্যক্রম</u>

১। গুরুত্বপূর্ণ ১০টি স্থানে ডেঙ্গু সচেতনতামূলক বার্তাসহ ১০টি বিলবোর্ড স্থাপন করা হয়েছে।

২। জনসচেতনতামূলক ৫০ হাজার লিফলেট বিতরণ করা হয়েছে।

৩। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।

৪। ২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে সরেজমিনে সচেতনতামূলক প্রচারণা করা হয়েছে।

৫। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ফেসবুক পেজ-এ জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে।

৬। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম্মার নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

৭। মার্কেট, শপিং মল মালিক/ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৮। নগরীর প্রতিটি ওয়ার্ডে ২টি করে মোট ৫৪টি ডেঙ্গু নিধন সভা আয়োজন করা হয়েছে।

৯। ডেঙ্গু নিধন ও জনসচেতন করার জন্য ১২টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে।

<u>ঘ. প্রতিরোধ কার্যক্রম</u>

১। মশক ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয় স্থানসমূহে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হচ্ছে।

২। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৪। লঞ্চঘাট, রেলস্টেশন, বাসস্ট্যান্ডে বিশেষ অভিযানের মাধ্যমে ঔষধ ছিটানো হচ্ছে।

**(গ) ডেঙ্গু রোগীর তথ্যাদি বিষয়ক আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে ২০২৫ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৩ | ০ | - |
| ফেব্রুয়ারি | ০৩ | ০ | - |
| মার্চ | ০৩ | ০ | ১৮ মার্চ ২০২৫ পর্যন্ত |
| **মোট** | **১৯** | **০** | - |

তিনি আরোও জানান যে, গত ১৫/০২/২০২৫ খ্রিঃ তারিখে ৩০,০০০ লিটার অ্যাডাল্টিসাইড ক্রয় করা হয়েছে। যা দিয়ে নির্বিঘ্নে আগামী ৬ মাস ফগিং কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। আলোচনান্তে এ প্রতিষ্ঠান হতে গৃহীত সকল পদক্ষেপসমূহ চলমান রাখাসহ হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো কার্যক্রম পূর্বের ন্যায় নিয়মিত পরিচালনা করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করাসহ নিয়মিতভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৫: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **দরপত্র বিজ্ঞপ্তি নং** | **তহবিলের উৎস** | **প্রকল্প সংখ্যা** | **সমাপ্ত প্রকল্প সংখ্যা** | **অসমাপ্ত প্রকল্প সংখ্যা** | **অগ্রগতি** | **মন্তব্য** |
| ১ | ১৮/২০১৮-১৯ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৯৮% | দোয়েল প্লাজা ফিনিশিং কাজ চলমান |
| ২ | ১৩/২০১৯-২০ | নিজস্ব | ৪ | ২ | ২ | ৯৮% | ১। পদ্ম-২ ভবনের ফিনিশিং কাজ চলমান।<br>২। আঙ্গিনা প্লাজা রি-কাস্ট চলমান। |
| ৩ | ১৬/২০২০-২১ | নিজস্ব | ৮ | ৪ | ৪ | ৮৩% | ১। গোদনাইল কমিউনিটি সেন্টার ৫ আগস্টের পর থেকে কাজ বন্ধ।<br>২। মহুয়া প্লাজার বৈদ্যুতিক ডিজাইন সংশোধন করতে হবে।<br>৩। পদ্ম-৭ ও ৮ ভবনের ফিনিশিং কাজ চলমান। |
| ৪ | ০৩/২০২১-২২ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৭৫% | ফাতেমা (রা:) মসজিদের সময় চেয়ে আবেদন করেছেন। নথি চলমান। |
| ৫ | ০৮/২০২২-২৩ | Covid-19 | ৫ | ৩ | ২ | ৮৫% | বড় কবরস্থান ও ছোট কবরস্থান কাজ চলমান। |
| ৬ | ০২/২০২৩-২৪ | নিজস্ব | ১ | - | ১ | - | ঠিকাদার ভারত চলে গেছে। |
| ৭ | ০৩/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | ১২% | ১। খানপুর ভবন পাইলিং কাজ চলমান।<br>২। সাধু নাগ মহাশয় পাইলিং কাজ শুরু হবে। |
| ৮ | ০৫/২০২৩-২৪ | Covid-19 | ৯ | - | ৯ | ৭০% | সকল কাজ চলমান। |
| ৯ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | - | ১। আইটি স্কুলের সম্মুখে ভবন লে-আউট কাজ চলমান।<br>২। ১৫ নং ওয়ার্ডে ভবন কাজ শুরু হয়নি। |
| **সর্বমোট=** | | | ৪৩ | ১৮ | ২৫ | ৭৮% | |

| প্রাক্কলন অনুমোদন | | |
|---|---|---|
| ক্রম | স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় |
| ১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সকল বিভাগের জন্য মনিহারী মালামাল সরবরাহকরণ। | ২২,৪৬,২৪২.০০ টাকা |
| ২ | এসেসমেন্ট শাখার জন্য জরুরিভিত্তিতে মনিহারী মালামাল সরবরাহকরণ। | ৩,৯৬,৩৪৪.০০ টাকা। |
| ৩ | শেখ রাসেল পার্কের ঘাস ও গাছের ডাল কাটার জন্য মালামাল সরবরাহকরণ। | ১,৭৬,৭৪৯.০০ টাকা। |
| ৪ | নগর ভবনের কার পার্কিং ও নীচ তলার বাথরুম মেরামতকরণ কাজ। | ৭,৮৩,৩৭৬.০০ টাকা। |
| ৫ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পরিমাপ বই সরবরাহকরণ। | ৪২,০০০.০০ টাকা। |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | দরপত্র বিজ্ঞপ্তি নং- | অর্থের উৎস | প্রকল্প সংখ্যা | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অসমাপ্ত প্রকল্প সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৬/২০২০-২১** | নিজস্ব তহবিল | ০১ | - | ০১ | ৮৫% | - |
| ০২ | **০৯/২০২২-২৩** | নিজস্ব তহবিল | ০১ | - | ০১ | ২০% | - |
| ০৩ | **০৬/২০২৩-২৪** | নিজস্ব তহবিল | ০৩ | ০২ | ০১ | ৯৩% | - |
| ০৪ | **০৪/২০২৩-২৪** | ইউডিসিজিপি | ০২ | - | ০২ | ২৮% | - |
| ০৫ | **০২/২০২৪-২৫** | ইউডিসিজিপি | ০১ | - | ০১ | ৫% | - |
| | | **মোট =** | **০৮** | **০২** | **০৬** | | |

| কদমরসুল অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | দরপত্র বিজ্ঞপ্তি নং | তহবিলের উৎস | প্রকল্প সংখ্যা | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অসমাপ্ত প্রকল্প সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ১ | ২৫/২০১৮-১৯ পরিচ্ছন্নকর্মী নিবাস (১০ তলা) | উন্নয়ন সহায়তা ও নিজস্ব তহবিল DPP | ০৩ | ০২ | ০১ | ৯৭% | সর্বশেষ ৩০-০৬-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে শতভাগ কাজ শেষ না হওয়ায় দৈনিক হারে জরিমানা আদায় (Liquidated Damage) চলমান রয়েছে। ধীর গতিতে কাজ চলমান। |
| ২ | ০৪/২০২০-২১ পরিচ্ছন্নকর্মী নিবাস (১০ তলা) | উন্নয়ন সহায়তা ও নিজস্ব তহবিল DPP | ০২ | ০১ | ০১ | ৯৯% | মূল ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। লিফট স্থাপন কাজ চলমান। |
| ৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | উন্নয়ন সহায়তা তহবিল DPP | -- | -- | -- | ৫০% | ভূমি অধিগ্রহণের ব্যয় বৃদ্ধি পাওয়ায় ৪০৭৮৫.৪৮ লক্ষ টাকার ১ম সংশোধিত ডিপিপির জন্য ৩০-০১-২০২৫ খ্রিঃ তারিখ পিএসসি সভা অনুষ্ঠিত হয়। সে মোতাবেক সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | ১৯/২০২০-২১ OTM (ভবন নির্মাণ) | নিজস্ব | ০৯ | ০৬ | | ৯৮% | (১) Seven Storied Councilor Office Building বাউন্ডারি ওয়ালের কাজ চলমান। ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ শেষ করবেন বলে জানিয়েছেন। (২) Khadem Sharif Govt. Primary School Building ডিজাইন পরিবর্তন হওয়ায় Variation Order প্রয়োজন এবং বর্তমানে কার্যক্রম চলমান। Variation Order অনুমোদন সাপেক্ষে কাজ বাস্তবায়ন করা হবে। (৩) Three Storied Nagar |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | Hospital এলাকাবাসীর প্রতিবন্ধকতার কারণে সাইট সংক্রান্ত জটিলতায় কাজ স্থগিত করা হয়েছে |
| ৫ | ০৭/২০২৩-২৪ OTM (ভবন নির্মাণ, গ্যারেজ নির্মাণ) | নিজস্ব | ০৩ | ০০ | ০৩ | ০০ | (১) Garage and Shop<br>(২) ডিজাইন রিভিউ কাজ চলমান থাকায় কাজ শুরু করা হয়নি।<br>(৩) Two Storied Commercial Cum Residential Building (Scavenger's Colony) ডিজাইন রিভিউ করে কাজ শুরু করা হবে। |
| | | | ১৭ টি | ০৯ টি | ০৭ টি | | ০১ টি |

**সিদ্ধান্ত:** আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৬: "২৫ মার্চ গণহত্যা দিবস" এবং "২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৫" যথাযথ মর্যাদায় উদযাপন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, প্রতি বছরের ন্যায় এবারও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে যথাযথ মর্যাদায় "২৫ মার্চ গণহত্যা দিবস" এবং "২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৫" উদযাপনের লক্ষ্যে মন্ত্রণালয় পর্যায়ে আন্তঃমন্ত্রণালয় সভা এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ২টি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে সরকারি কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচির বিবরণ |
|---|---|---|
| ১. | ২৫ মার্চ ২০২৫ ও ২৬ মার্চ ২০২৫ (দুপুর ১২:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত) | চাষাড়াস্থ ডিজিটাল বিল বোর্ড ২ টিতে গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী। |
| ২. | ২৬ মার্চ ২০২৫ | চাষাড়াস্থ বিজয়স্তম্ভ, নগরভবন ও আঞ্চলিক কার্যালয়সহ নগরীর দর্শনীয় স্থাপনা ও স্থানসমূহে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ। (কোনক্রমেই ২৫ মার্চ রাতে আলোকসজ্জা করা যাবে না) |
| ৩. | ২৬ মার্চ ২০২৫ | শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন পতাকা (নতুন কাপড়ের) দ্বারা সজ্জিতকরণ। |
| ৪. | ২৬ মার্চ ২০২৫ | চাষাড়া বিজয়স্তম্ভ প্রাঙ্গণ, ওসমানী পৌর স্টেডিয়ামসহ শহরের সকল রাস্তা-ঘাট বিশেষভাবে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ। |
| ৫. | ২৬ মার্চ ২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে | নগর ভবন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন। |
| ৬. | ২৬ মার্চ ২০২৫ (সকাল ০৫ টা ৫৬ মিনিট ৩৬ সেকেন্ড) | চাষাড়াস্থ বিজয়স্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন। |
| ৭. | ২৬ মার্চ ২০২৫ | এনসিসি'র আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনে অবস্থিত সিনেস্কোপ-এ বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র/ চলচ্চিত্র বিনামূল্যে প্রদর্শনের ব্যবস্থা করা। |
| ৮. | ২৬ মার্চ ২০২৫ | শিশুদের জন্য এনসিসি এডভেঞ্চার ল্যান্ড সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রবেশের ব্যবস্থা করা। |

বিষয়টি তিনি সকলের জ্ঞাতার্থে এবং সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে উপর্যুক্ত আলোচনা অনুযায়ী কর্মসূচি গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা ও বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচি ৭ (১): Water ATM উদ্বোধন প্রসঙ্গে আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে Water ATM এর মাধ্যমে পানি সরবরাহ করার বিষয়টি নিঃসন্দেহে একটি নতুন উদ্যোগ। ঢাকায় এ পদ্ধতিতে সেবা প্রদান কার্যক্রম চলমান আছে।

ঢাকায় বাস্তবায়িত ADB'র একই রকমের আরেকটি প্রকল্প থেকে ধারণা নেয়া হচ্ছে। এ পদ্ধতিতে সেবা প্রদান করা গেলে কিছুটা হলেও নগরবাসীর সুপেয় পানির চাহিদা পূরণ করা সহজ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। Water ATM এর মাধ্যমে পানি সরবরাহ করার লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সাথে আপাতত ০২ টি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। পরীক্ষামূলকভাবে আপাতত একটি নারায়ণগঞ্জ অঞ্চলের টানবাজার এবং অপরটি সিদ্ধিরগঞ্জ অঞ্চলে স্থাপন করা হবে। জনগণের অধিক সাড়া পাওয়া গেলে এবং ফলপ্রসু হলে সেক্ষেত্রে আরো বড় পরিসরে করা হবে মর্মে তিনি সভায় উপস্থিত সকলকে জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে উপর্যুক্ত আলোচনা অনুযায়ী কর্মসূচি গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৭ (২): Covid 19 প্রকল্পের সাইট পরিবর্তন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) ও লোকাল গভার্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এল জি সি আর আর পি) এর ফোকাল পার্সন জনাব মোঃ আজগর হোসেন জানান,

(ক) Packge No-LGCRRP/Narayanganj/2023-24/W-11, ID no-951259 বর্ণিত প্যাজের আওতায়, (a) Repairing Mubarak Shah Road, Bir Muktijuddha Abdur Rouf Sarak, Bir Muktijuddha Shohijan Sarak, Khankagoli, L.N.A Road, Khaja Nazmul Hasan Road, West Deobhog Road by BC in ward-16 (FY-2023-2024.) Ch. 00-7515m, (b) Repairing of Paikpara Muktijuddha Road by BC in ward no:17, (FY-2023-2024.) Ch. 00-785m. উক্ত লিংকগুলির মধ্যে "আলমাস পয়েন্ট বিল্ডিং হতে কৃষ্ণচুড়া মোড়" পর্যন্ত লিংকটি LGED এর আওতায় বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক সহায়তাপুষ্ট 'Resilient Urban Territorial Development Project' (RUTDP) এ অন্তর্ভুক্ত থাকায় উক্ত লিংকের কাজটির লে-আউট সংলগ্ন এ প্যাকেজের অন্যন্য লিংকের সাথে সংযুক্ত পাইকপাড়া শাহসূজা রোড হতে দেওয়ান বাড়ি মোড় ভায়া বউ বাজার পর্যন্ত অন্তর্ভুক্ত করে জরুরি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা যায়। প্রস্তাবিত নতুন লিংকটি জনগুরুত্বপূর্ণ এবং বর্তমানে যানবাহন চলাচলে ভীষণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। এ কারণে জরুরিভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

(খ) এছাড়া তিনি আরও জানান যে, LGCRRP/Narayanganj/2022-23/W-02, ID No-951259 বর্ণিত প্যাজের আওতায় Development of Paikpara Boro Koborsthan কাজের পুকুর পাড়ে রাস্তা বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিন্তু রাস্তা পার্শ্বস্থ কোনো প্রোটেকশন ওয়ার্ক স্থাপন করার সংস্থান রাখা হয়নি। ফলে নারী ও শিশুদের চলাচলে নিরাপত্তা ঝুঁকি দেখা দিবে, বাস্তবতার নিরিখে নিরাপত্তার স্বার্থে পুকুর পাড়ে প্রটেকশন ওয়ার্ক স্থাপন/নির্মাণ করা অতীব প্রয়োজন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের Covid 19 প্রকল্পের সাইট পরিবর্তনের লক্ষ্যে আলোচনায় উল্লিখিত কাজসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৭ (৩): DPM- Package ক্রয় সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ছোট ছোট বাজেটের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য DPM পদ্ধতি অবলম্বন করতে হয়। কেননা দ্রুত কাজ করার জন্য OTM পদ্ধতিতে Tender আহবান করার পর্যাপ্ত সময় ও সুযোগ পাওয়া যায় না। এজন্য এক প্রকার বাধ্য হয়ে OTM পদ্ধতিতে Tender আহবান না করে DPM পদ্ধতিতে বিভিন্ন Package ক্রয় করতে হয়। বিষয়টি তিনি সকলের অবগতি ও যথাযথ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, জরুরিভিত্তিতে কাজ সম্পাদনের জন্য DPM পদ্ধতিতে বিভিন্ন Package ক্রয় করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৭ (৪): আকিজ সিমেন্ট কোম্পানি লিঃ সংলগ্ন সিটি কর্পোরেশনের জায়গা ব্যবহারের অনুমতি প্রসঙ্গে আলোচনা।

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, ২৩ নং ওয়ার্ডে অবস্থিত আকিজ সিমেন্ট কোম্পানি লিঃ সংলগ্ন এ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ৮৪ শতাংশ ভূমি রয়েছে। উক্ত ভূমি ব্যবহারের জন্য আকিজ সিমেন্ট কোম্পানি

লিঃ কর্তৃপক্ষের নিকট হতে এ প্রতিষ্ঠানে একটি আবেদন পাওয়া গেছে। তিনি আরো জানান যে, এনসিসি এর মালিকানাধীন উক্ত ভূমিতে একটি বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা কেন্দ্র হিসেবে "মাল্টিপারপাস কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে DPP (Development Project Proposal) প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় উক্ত ভূমি আকিজ সিমেন্ট কোম্পানি লিঃ কর্তৃপক্ষকে ব্যবহারের অনুমতি প্রদান করা হলে এনসিসি এর প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে না মর্মে জানিয়ে বাস্তবতার নিরিখে এ বিষয়ে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত সদস্যগণকে অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে আকিজ সিমেন্ট কোম্পানি লিঃ- কে চাহিত ভূমি ব্যবহারের অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** সম্পত্তি বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## বিবিধ আলোচ্যসূচি ৭ (৫): নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নারায়ণগঞ্জ অঞ্চলে চলমান পঞ্চবার্ষিক ট্যাক্স এসেসমেন্ট মূল্যায়ন রেইট নির্ধারণ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তিনটি অঞ্চল রয়েছে; যথা: (১) সিদ্ধিরগঞ্জ, (২) নারায়ণগঞ্জ ও (৩) কদমরসুল অঞ্চল। প্রতি অঞ্চলে ০৫ (পাঁচ) বছর অন্তর ট্যাক্স এসেসমেন্ট করা হয়ে থাকে। বিগত ২০২২ সালে সিদ্ধিরগঞ্জ এবং কদমরসূল অঞ্চলের ট্যাক্স এসেসমেন্ট সম্পন্ন করে নিম্ন ছকের (৭) নম্বর কলামে বর্ণিত মূল্যায়ন রেইট অনুযায়ী কর নির্ধারণপূর্বক আদায় করা হচ্ছে। উক্ত মূল্যায়ন রেইট নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৫ম সাধারণ সভায় নির্ধারণ করা হয়েছিল। উক্ত সভায় নারায়ণগঞ্জ অঞ্চলে পরবর্তী ট্যাক্স এসেসমেন্টের সময় একই হারে করের রেইট ধার্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নারায়ণগঞ্জ অঞ্চলের পঞ্চবার্ষিক এসেসমেন্টের মাঠ জরিপের কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমানে তিনটি অঞ্চলে একই হারে কর ধার্য করা প্রয়োজন, যা নিম্নরুপ:

| ক্রঃ নং | স্থাপনার প্রকৃতি | | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০১৪ সালের রেইট মোতাবেক) স্থাপনা নিজে ব্যবহার করলে | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০১৪ সালের রেইট মোতাবেক) স্থাপনা নিজে ব্যবহার না করলে | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক (প্রতি বর্গফুট) স্থাপনার ধার্যকৃত বার্ষিক মূল্যায়ন রেইট | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০২২ সালের রেইট মোতাবেক) স্থাপনা নিজে ব্যবহার করলে | পি. ডব্লিউ.ডি রেইট মোতাবেক প্রতি বর্গফুটের বার্ষিক মূল্যায়ন নির্মাণ ব্যয় হিসেবে (২০২২ সালের রেইট মোতাবেক) স্থাপনা নিজে ব্যবহার না করলে | **বিগত সময়ের ধার্যকৃত রেইট এর সাথে সামঞ্জস্য রেখে সহনীয় হারে বেসরকারি হোল্ডিং এবং ব্যক্তি মালিকানাধীন শিল্প-বাণিজ্যিক স্থাপনার ধার্যকৃত রেইট** (ক্রমিক-১ হতে ৫ প্রযোজ্য) এবং সরকারি ক্ষেত্রে ৬ হতে ৮ নং ক্রমিক প্রযোজ্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | | (২) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | বেসরকারি | আবাসিক ইমারত | ৫৬/- | ৭৫/- | ১১/- | ১০০/- | ১৬৭/- | **২২/-** |
| ০২ | | আবাসিক সেমিপাকা | ২৬/- | ৪৩/- | ৭/- | ৩৩/- | ৫৬/- | **১৫/-** |
| ০৩ | | আবাসিক টিনের ঘর | ২৬/- | ৪৩/- | ৫/- | ৩৩/- | ৫৬/- | **১০/-** |
| ০৪ | | বাণিজ্যিক দোকান/মার্কেট | ৫৩/- | ৮৫/- | ১৫/- | ৯৩/- | ১৫৬/- | **৩০/-** |
| ০৫ | | শিল্প প্রতিষ্ঠান | ৫৩/- | ৮৫/- | ১৮/- | ৯৩/- | ১৫৬/- | **৩৫/-** |
| ০৬ | সরকারি | আবাসিক ইমারত | ৫৩/- | ৮৫/- | ৩০/- | ১০০/- | ১৬৭/- | **১০০/-** |
| ০৭ | | শিল্প/বানিজ্যিক (পাকা ইমারত/স্টিলশেড) | ৫৩/- | ৮৫/- | ৩০/- | ৯৩/- | ১৫৬/- | **৯৩/-** |
| ০৮ | | সেমিপাকা/ টিনের স্থাপনা | ২৬/- | ৪৩/- | ১৭/- | ৩৩/- | ৫৬/- | **৩৩/-** |

**২০২৫-২০২৬ অর্থবছর হতে বার্ষিক মুল্যায়নের ভিত্তিতে ১৭% হারে পৌরকর (গৃহকর =৭%, ময়লা রেইট =৫% , আলো রেইট =৩% এবং পানি রেইট =২% হারে) নির্ধারণ করা হলো।**

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** সিদ্ধিরগঞ্জ এবং কদমরসুল অঞ্চলের সাথে মিল রেখে নারায়ণগঞ্জ অঞ্চলে বর্ণিত ছকের (৭) নং কলামে উল্লিখিত মূল্যায়ন রেইট অনুযায়ী স্থাপনার মূল্যায়ন ও ১৭% হারে কর নির্ধারণের প্রস্তাব উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** কর আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচনা:**

**(১)** সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ জনাব মোঃ আহসানুজ্জামান জানান, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ এর পরপরই কদমরসুল সেতু নির্মাণ কাজ শুরু করা হবে। কাজের সুবিধার্থে তিনি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে একজন উপযুক্ত প্রকৌশলীকে ফোকাল পয়েন্ট পার্সন হিসেবে মনোনয়ন করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

তৎপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে অতি শীঘ্রই একজন উপযুক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করা হবে মর্মে সভাপতি মহোদয় তাকে আশ্বস্ত করেন।

**(২)** সভায় উপস্থিত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক) জনাব মোঃ সোহেল রানা জানান, সকলের সাথে একসাথে মিলেমিশে কাজ করার জন্য জেলা পুলিশ, নারায়ণগঞ্জ সর্বদা প্রস্তুত আছে। পবিত্র ঈদ-উল-ফিতরের পরপরই লাঙ্গলবন্দ এলাকায় হিন্দু ধর্মাবলম্বীদের পূণ্যস্নান অনুষ্ঠিত হবে। মুসলিমদের পবিত্র ঈদ-উল-ফিতরে মানুষের ঈদযাত্রা ও হিন্দুদের পূণ্যস্নানে নির্বিঘ্ন সেবা প্রদানে ইতোমধ্যে প্রস্তুতিমূলক কাজ গ্রহণ করা হয়েছে। সকল প্রোগ্রামে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে। এছাড়াও শহরের যানজট নিরসনে জেলা পুলিশ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি এ বিষয়ে সকলের পরামর্শ ও সহযোগীতা কামনা করেন।

সভাপতি মহোদয় বলেন, যানজট নিরসনকল্পে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছাত্রদের খন্ডকালীন কাজের সুযোগ দেয়া হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জেলা পুলিশের সহায়তায় সর্বদা তৎপর থাকবে।

**(৩)** সভায় উপস্থিত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর প্রতিনিধি অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জনাব মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী জানান, শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখা ও গ্রিন সিটি তৈরিতে জেলা প্রশাসনের উদ্যোগে ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সহযোগীতায় শহরের বিভিন্ন সড়কে স্থাপনকৃত বিভিন্ন দৃষ্টিকটু ব্যানার, ফেস্টুন, পোস্টার অপসারণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে এক লক্ষ বৃক্ষ রোপনের প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে। শহরের কোন কোন জায়গা/ রাস্তা/ স্থানে কী কী ধরনের গাছ রোপন করা যেতে পারে সে বিষয়ে তিনি সকলের পরামর্শ কামনা করেন। এছাড়াও আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ এর নামাজ আদায়ের জন্য কেন্দ্রীয় ঈদগাহে জেলা প্রশাসনের পক্ষ থেকে প্যান্ডেল নির্মাণ করে দেয়া হবে। তিনি আরো জানান, আইন শৃঙ্খলা রক্ষার্থে চাষাড়া এলাকাটিতে অতিদ্রুত সিসি ক্যামেরা আওতাভুক্ত করা হবে। সিসি ক্যামেরা স্থাপনের জন্য চাষাড়ার কোথায় কন্ট্রোল রুম স্থাপন করা যায় সে বিষয়ে তিনি সকলের মতামত ও পরামর্শ কামনা করেন।

সভাপতি মহোদয় বলেন, চাষাড়া মোড়ে সিসি ক্যামেরা স্থাপনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ৩ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করেছে। চাষাড়া মোড়ের কোথায় কন্ট্রোল রুম স্থাপন করা যায় এ বিষয়ে পরবর্তীতে আরো আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে মর্মে তিনি জানান।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/3/25

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক (অতিরিক্ত সচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪-১৩৯ তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রিঃ

<u>সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ---------------------------------------------------------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব --------------------------------------------------------------------------------নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সরকার কর্তৃক গঠিত কমিটির ৬ষ্ঠ **সভায় উপস্থিত সদস্যগণের** তালিকা। (স্বাক্ষরের ক্রমানুসারে):

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব মোঃ সোহেল রানা, অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক), নারায়ণগঞ্জ।
৬) জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৭) জনাব মোঃ আহসানুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১০) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১২) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৩) প্রকৌশলী মোঃ মামুনার রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৪) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৫) জনাব মোঃ রাসেল ইসলাম, প্রধান ইমারত পরিদর্শক (প্রতিনিধি) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮/২, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১) জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব এ, এস, এম মশিউর রহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব মোঃ তাহমিদ খান, ইমারত পরিদর্শক, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
৭) জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব আব্দুল্লাহ মোঃ হাশেম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব আব্দুল্লাহ আল জোবায়ের, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১) জনাব এস ডব্লিউ এম পাহলভি, পরামর্শক, ওয়াটার সাপ্লাই ম্যানেজমেন্ট সিস্টেম, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১২) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩) জনাব বিপ্লব বিশ্বাস, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৪) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৫) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৬) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।